

মুখবন্ধ

বই প্রকাশের প্রয়োজনীয়তা

‘জাগো বাংলা’র অফিসে প্রতি সময় ফোন— তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জী রাজ্যের সমসাময়িক বিষয় ও তাঁর নেতৃত্বে জনজাগরণের বিষয় নিয়ে কী ভাবছেন? আমি যেখানেই গেছি প্রায়ই বলতে শুনেছি তৃণমূল রাজ্যের বর্তমান পরিস্থিতি নিয়ে কেন লিখিতভাবে জনসমক্ষে প্রকাশ করছে না! দলের কর্মীদের অনুরোধ-দাবি মমতা ব্যানার্জীর নেতৃত্বে সিঙ্গুর-ভান্ডা-নন্দীগ্রামকাণ্ড, রিজওয়ানুর-এর অস্বাভাবিকভাবে মৃত্যুকাণ্ড, কৃষি ও শিল্প নিয়ে ভাবনা, খাদ্য নিয়ে সাম্প্রতিক রেশনকাণ্ড— উত্তরবঙ্গে শিল্পায়ন, পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুরের আর্থিক অগ্রসরতা রাজ্যের অন্য জেলা থেকে বেশী হওয়ার ফলে আর্থিক ও শিল্প এবং কৃষির সমগুরুত্বে এগিয়ে যাওয়ার বিষয়ে কী ভাবছেন সকলের ‘দিদি’। চা-বাগানের অনাহারের মৃত্যু-মিছিল প্রতিরোধে চা-বাগান খোলার বিষয়ে তাঁর বা দলের কর্মসূচি কী? নিত্য প্রয়োজনীয় দ্রব্যের গণনচূষী দরবৃদ্ধিতে উদ্বিগ্ন দিদি। জনস্বার্থে কী ভাবছেন?

এই সমস্ত সমসাময়িক জুলন্ত বিষয়ে ইতিমধ্যেই মমতা ব্যানার্জীর কলমে ‘জাগো বাংলা’ পত্রিকাতে তিনি তাঁর মত ও পথ বলেছেন। কখনও কলম ধরেছেন অন্য সংবাদপত্রেও। পাঠকের দাবি, জনতার দাবি, কর্মী-সমর্থক-অনুরাগী-শুভানুধ্যায়ীদের দাবি— চাই মমতার নেতৃত্বে ওই সমস্ত বিষয়ে একত্রিত ভাবনা।

তাদের ইচ্ছাকে সম্মান জানাতে বর্তমানে সিঙ্গুরে অনিচ্ছুক কৃষকের জমি ফিরিয়ে দেবার আন্দোলনে লাগাতার ধর্না ও বিক্ষোভ কর্মসূচির মধ্যেই মমতা ব্যানার্জীর সঙ্গে আলোচনা করে ‘জাগো বাংলা’য়, ‘দৈনিক প্রতিদিন’-এ প্রকাশিত তাঁর লেখার নির্বাচিত রচনা— ‘আন্দোলনের কথা’ এই নাম দিয়ে প্রকাশ করছি।

পাঠক/দলের কর্মী-সমর্থক/অনুরাগী ও গুণগ্রাহী-শুভানুধ্যায়ীদের যদি এই বই তাদের জিজ্ঞাসু মনকে সাহায্য করতে পারে তবেই এই বই প্রকাশের সার্থকতা। ধর্না সিঙ্গুরে অনিচ্ছুক কৃষকের জমি ফিরিয়ে দেবার দাবিতে— তাই মমতা ব্যানার্জীর রচনা সংকলন তাদের জন্যই উৎসর্গিত করল ‘জাগো বাংলা’ পত্রিকা।

৫ সেপ্টেম্বর ২০০৮

৩০বি, হরিশ চ্যাটার্জী স্ট্রীট

কলকাতা - ৭০০ ০২৬

পার্থ চ্যাটার্জী

সম্পাদক

জাগো বাংলা